# বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত**

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০২১.২২/১২৬৭(১৬) তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: **মতবিনিময় সভায় অংশগ্রহণের আমন্ত্রণ।**

বাংলাদেশ জাতীয় জাদুঘর ইতিহাস, ঐতিহ্য, পুরাতত্ত্ব, শিল্পকলা, সংস্কৃতি-শিক্ষা ও প্রাকৃতিক সম্পদ সম্পর্কিত নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনের একটি জাতীয় প্রতিষ্ঠান। ১৯১৩ সালের ৭ আগস্ট বাংলার গভর্নর লর্ড কারমাইকেল নবগঠিত পূর্ববাংলা ও আসাম প্রদেশের রাজধানী ঢাকায় নবনির্মিত সচিবালয়ে ঢাকা জাদুঘর উদ্বোধন করেন। এর প্রথম কিউরেটর ছিলেন ড. নলিনীকান্ত ভট্টশালী। সরকারের পৃষ্ঠপোষকতা, বিভিন্ন শ্রেণি-পেশাজীবীর মূল্যবান পরামর্শ, সংস্কৃতিজন ও বিভিন্ন খ্যাতিমান ব্যক্তিবর্গের অগ্রণী ভূমিকা, বিদ্যোৎসাহী ও গবেষকদের প্রজ্ঞা, উপহার দাতাগণের অবদান, সুহৃদদের সহযোগিতা এবং জাদুঘর কর্মীগণের অক্লান্ত পরিশ্রমে ১৯৮৩ সালে ঢাকা জাদুঘর রূপান্তরিত হয় বাংলাদেশ জাতীয় জাদুঘরে। এ রূপান্তর দেশ ও জনগণের প্রতি জাদুঘরের দায়বদ্ধতা যেমন বেড়েছে, পাশাপাশি জাতীয় জীবনে এর ব্যাপ্তি সম্পৃক্ততা ও কর্মের পরিধি দিনে দিনে দৃশ্যমানভাবেই সম্প্রসারিত হয়েছে এবং একটি বহুমাত্রিক প্রতিষ্ঠান রূপে বিকশিত হয়েছে। হাজার বছরের নৃতাত্ত্বিক উপাদানে সমৃদ্ধ ৯৩ হাজার ৫৬৬টি নিদর্শন বাংলাদেশ জাতীয় জাদুঘর সংগ্রহ করেছে। এর মধ্যে ৩ হাজার ৮৮৭টি নিদর্শন প্রদর্শিত হচ্ছে ৪৫টি গ্যালারিতে। নিদর্শন প্রদর্শনের পাশাপাশি বাংলাদেশ জাতীয় জাদুঘর নিয়মিত গাইড সেবা প্রদান, প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান, হুইল চেয়ার সেবা প্রদান, বিশুদ্ধ পানি সরবরাহ, গ্রন্থপাঠ সেবা, মিলনায়তন ব্যবহার সেবা, তথ্য সেবা, বিশেষ চাহিদা সম্পন্নদের বিশেষ বাথরুম সেবা, ইন্টারনেট সেবা, মোবাইল ফোন রিচার্জ সেবা, মাতৃদুগ্ধ পান সেবাসহ নানামাত্রিক সামাজিক সেবা প্রদান করে আসছে।

জনবান্ধব জাদুঘর প্রতিষ্ঠা লক্ষ্যে দর্শনার্থী ও জাদুঘর কর্মীদের অভিযোগ ও প্রতিকার ব্যবস্থার বিষয়ে অংশীজনের অংশগ্রহণে আগামী ২৪/০৯/২০২২, শনিবার, বেলা ০৩.০০ টায় বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সভাকক্ষে ওয়ার্কশপ/মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে। মতবিনিময় সভায় উপস্থিত হয়ে মূল্যবান মতামত প্রদান করার জন্য অনুরোধ করা হ'ল। আপনার মূল্যবান মতামত আগামী দিনগুলোতে জাদুঘর পরিচালনার ক্ষেত্রে নতুনমাত্রা যুক্ত করবে বলে আমাদের বিশ্বাস। আশা করি মতবিনিময় সভায় আপনার প্রাণবন্ত উপস্থিতি জাদুঘরের এ কর্মসূচিকে সাফল্য মণ্ডিত করবে।

২১/০৯/২০২২

(মো. কামরুজ্জামান)
মহাপরিচালক
বাংলাদেশ জাতীয় জাদুঘর।
০২-২২৩৩৬৭৬৯৩

..........................................
..........................................
..........................................
..........................................

শাহবাগ, ঢাকা-১০০০, বাংলাদেশ। জিপিও বক্স ৩৫৫ পিএবিএক্স: +৮৮-০২-৫৮৬১৫০১২-১৩ ফোন নং: +৮৮-০২-৯৬৬৭৬৯৩
ফ্যাক্স: +৮৮-০২-৯৬৬৭৩৮১ ইমেইল: dg@bnm.gov.bd ওয়েবসাইট: www.bangladeshmuseum.gov.bd

বাংলাদেশ জাতীয় জাদুঘর
জনশিক্ষা বিভাগ
শাহবাগ, ঢাকা-১০০০।

বিষয় : **অভিযোগ ও প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের সাথে মতবিনিময় সভার কার্যাবিবরণী-২০২২।**

তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০২২, শনিবার দুপুর ৩.০০ টা

স্থান : বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সভাকক্ষ।

সভাপতি: মো. কামরুজ্জামান, মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

সভার শুরুতে সভাপতি আমন্ত্রিত অতিথিদের স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্যের সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা ও প্রদর্শনে বাংলাদেশ জাতীয় জাদুঘর নিরলস কাজ করে যাচ্ছে। মূলত ব্রিটিশ পৃষ্ঠপোষকতায় এই জাদুঘরটির যাত্রা শুরু হলেও কালক্রমে বাংলাদেশ জাতীয় জাদুঘর হয়ে উঠেছে বাংলার ইতিহাস, সংস্কৃতি এবং ঐতিহ্যের ধারক ও বাহক। সমাজ, সংস্কৃতি, ইতিহাস, প্রত্নতত্ত্ব, শিল্পকলা, শিক্ষা, প্রাকৃতিক সম্পদ ইত্যাদি সম্পর্কিত নিদর্শনসহ বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ নিদশন সংরক্ষণ ও প্রদর্শন এবং নানামাত্রিক সেমিনার, সিম্পোজিয়াম আয়োজন ও গবেষণা প্রতিষ্ঠানটি নিয়মিত আয়োজন করে। একুশ শতকে জাদুঘর জনগণের বিশ্ববিদ্যালয় হিসেবে রূপান্তর করতে জাদুঘর তার কর্মসূচি সম্প্রসারিত করছে। প্রতিদিন অসংখ্য দেশি-বিদেশি দর্শক জাদুঘর পরিদর্শন করে বাংলাদেশের সমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জ্ঞান আরোহণ করছে।

১৯১৩ সালের ৭ আগস্ট বাংলার গভর্নর লর্ড কারমাইকেল নবগঠিত পূর্ববাংলা ও আসাম প্রদেশের রাজধানী ঢাকায় নবনির্মিত সচিবালয়ে ঢাকা জাদুঘর উদ্বোধন করেন। ১৯৮৩ সালের ২০ সেপ্টেম্বর সরকারের পৃষ্ঠপোষকতা, বিভিন্ন শ্রেণি-পেশাজীবীর মূল্যবান পরামর্শ, সংস্কৃতিমনা ব্যক্তিবর্গের অগ্রণী ভূমিকা, বিদ্যোৎসাহী ও গবেষকদের প্রজ্ঞা, উপহারদাতাগণের অবদান, সুহৃদদের সহযোগিতা এবং জাদুঘর কর্মীগণের অক্লান্ত পরিশ্রম ঢাকা জাদুঘর রূপান্তরিত হয় বাংলাদেশ জাতীয় জাদুঘরে। এ রূপান্তর দেশ ও জনগণের প্রতি জাদুঘরের দায়বদ্ধতা যেমন বেড়েছে, পাশাপাশি এর ব্যাপ্তি জাতীয় জীবনে সম্পৃক্ততা ও কর্মের পরিধি দিনে দিনে দৃশ্যমানভাবেই সম্প্রসারিত হয়েছে। ৩৭৯ টি নিদর্শন নিয়ে যাত্রা করা বতমানে হাজার বছরের নৃতাত্ত্বিক উপাদানে সমৃদ্ধ ৯৩ হাজার ৫৬৬টি নিদর্শন বাংলাদেশ জাতীয় জাদুঘর সংগ্রহ করেছে। এর মধ্যে ৩ হাজার ৮৮৭ টি নিদর্শন প্রদর্শিত হচ্ছে ৪৫টি গ্যালারিতে।

সকলস্তরের দর্শক, গবেষক, সংগ্রাহক এবং জাদুঘরের সাথে সম্পর্কিত প্রতিটি নাগরিকের চাহিদা পূরণে বাংলাদেশ জাতীয় জাদুঘর অঙ্গিকারাবদ্ধ। এই অঙ্গিকার সকল ক্ষেত্রে পূরণ করা সম্ভব হচ্ছে কি না এ বিষয়ে আজকে আমরা আয়োজন করছি অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) বিষয়ে অংশীজনদের সঙ্গে ওয়ার্কশপ ও মতবিনিময় সভা ২০২২। আপনাদের মূল্যবান মতামত আমাদের আগামী দিনের কর্মপরিকল্পনা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এরপর সভাপতি অভিযোগ ও প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে গঠিত কমিটির অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) জনাব আকছারুজ্জামান নুরী কীপার (সং) (চলতি দায়িত্ব) কে এ বিষয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘরের গৃহীত পদক্ষেপ বিষয়ে বক্তব্য দেয়ার অনুরোধ জানান।

জনাব নুরী বলেন, বাংলাদেশ জাতীয় জাদুঘর দর্শকদের অভিযোগ দেয়ার জন্য লবিতে একটি রেজিস্টার এবং অভিযোগ বক্স স্থাপন করেছে। রেজিস্টার ও অভিযোগ বক্সে পাওয়া সকল অভিযোগ নিয়মিত পর্যবেক্ষণ করা হয় এবং সংশ্লিষ্টদের এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার অনুরোধ করা হয়। পাশাপাশি আজকের এই মতবিনিময় সভা অভিযোগ দায়ের করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

জনাব আকছারুজ্জামান নুরীর বক্তব্যের পর সভার সঞ্চালক ড. শিহাব শাহরিয়ার আমন্ত্রিত অতিথিদের এ বিষয়ে তাদের মতামতের দেয়ার অনুরোধ জানান। দর্শকদের মতামতের পরিপ্রেক্ষিতে সভাপতি করণীয় বিষয়ে মতমত পেশ করেন। যা উপস্থাপন করা হলে:

| ক্রমিক | সেবাগ্রহীতার নাম/ঠিকানা | মতামত | সভাপতির বক্তব্য |
|---|---|---|---|
| ১ | ড. আছিয়া খানম লিখন<br>কিউরেটর, টাকা জাদুঘর<br>ঢাকা। | জাদুঘরের কয়েন গ্যালারি ইতিহাসের ধারাবাহিকতায় সাজানোর অনুরোধ করেন। | সভাপতি এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগকে তাৎক্ষণিক অনুরোধ করেন। |
| ২ | শিল্পী ভাস্কর রাশা<br>১৬/৫ মধুবাগ<br>মগবাজার, ঢাকা | তিনি নিরাপত্তা কর্মীদের আচরণ জনবান্ধব করার জন্য বিশেষ প্রশিক্ষণ প্রদানের অনুরোধ করেন। পাশাপাশি নতুন ভবন তৈরির ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। | নিরাপত্তা কর্মীদের আচরণ জনবান্ধব করতে নিয়মিত প্রশিক্ষণ দেয়া হয়। নতুন ভবন তৈরির প্রক্রিয়া চলমান বলে সভাপতি জানান। |

| ক্রমিক | সেবাগ্রহীতার নাম/ঠিকানা | মতামত | সভাপতির বক্তব্য |
|---|---|---|---|
| ৩ | জনাব শুভাষিশ ভৌমিক<br>গণমাধ্যমকর্মী<br>ফ্লাট নং ১/৫, প্লট নং-১৫, সড়ক-৯<br>রূপনগর আবাসিক ঢাকা। | স্বাধীনবাংলা বেতার কেন্দ্রের নিদর্শন নিয়ে আলাদা কর্ণার স্থাপনের অনুরোধ করেন। | সভাপতি বলেন, ইতোমধ্যে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কর্ণার স্থাপন করা হয়েছে। |
| ৪ | জনাব মো. হাসনাত শাহিন<br>সাংবাদিক<br>৪১/৩৮-নং বাসা,রোড-৪,ব্লক-বি<br>চাঁনমিয়া হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা | জাদুঘরের কর্মকাণ্ডে প্রচার বিমুখতা লক্ষণীয়। এ বিষয়ে পদক্ষেপ নেয়ার অনুরোধ জানান। | সভাপতি বলেন, এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ৫ | অ্যাড: ড. আমিনুল ইসলাম খান<br>সুপ্রীমকোর্ট, ঢাকা<br>প্লট-২৮, রোড-১১, সেক্টর-১১,<br>উত্তরা, ঢাকা-১২৩০ | জাদুঘরের ভার্চুয়াল মিউজিয়াম সম্পর্কে জনগণ খুব একটা জানেনা। এ বিষয়ে ব্যাপক প্রচার প্রয়োজন বলে মত প্রকাশ করেন। | সভাপতি বলেন, এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৬ | জনাব মো. লাবিব শাহরিয়ার<br>পঞ্চম শ্রেণি<br>ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ<br>ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | জাদুঘরে ডাইনোসরের কঙ্কাল প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | সভাপতি বলেন, এ বিষয়ে ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| ৭ | জনাব সঞ্জয় কুমার সরকার<br>প্রতিনিধি<br>ব্রাক ব্যাংক লিমিটেড, ঢাকা | উপহারদাতাদের ঠিকানা আপডেট করে, নিয়মিত সকল অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর অনুরোধ করেন। | সভাপতি বরেন, এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। |
| ৮ | জনাব মিল্টন কুমার পাল<br>সহকারী শিক্ষক<br>আমিরজান হাইস্কুল, খিলক্ষেত,<br>ঢাকা। | গ্যালারিতে অডিও গাইড স্থাপনের অনুরোধ করেন। | সভাপতি এ বিষয়ে কার্যক্রম চলমান বলে সভায় জানান। |

অভ্যাগতদের বক্তব্য শেষে সভাপতি সকলকে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

০৩/১০/২০২২
(মো. কামরুজ্জামান)
মহাপরিচালক
বাংলাদেশ জাতীয় জাদুঘর

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০২১.২২. ১৬৮৭(ক)/৩০ তারিখ: ০১ অক্টোবর ২০২২

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। -------------------------------------------বিভাগ/শাখা প্রদান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
২। মহাপরিচালক মহোদয়ের প্রটোকল কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৩। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

০১/১০/2022
(ড. শিহাব শাহরিয়ার)
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশ জাতীয় জাদুঘর।

বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা-১০০০।

তারিখ: ২৪.০৯.২০২২

## Grievance Redress System (GRS) অভিযোগ ও প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের তালিকা

| ক্রমিক | নাম/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জাঁ-নেসার ওসমান<br>জেনারেল ম্যানেজার (অব:)<br>বিটিভি, ঢাকা এবং<br>বিশিষ্ট চলচিত্রে নির্মাতা<br>মোবাইল: ০১৭৩১-৩৯১২১৯ | |
| ২. | জনাব ড. আছিয়া খানম লিখন<br>কিউরেটর, টাকা জাদুঘর<br>গবেষক<br>মোবাইল: ০১৯১১-৩০৬৮৪৮ | Achia<br>24.9.2022 |
| ৩. | শিল্পী ভাস্কর রাশা<br>১৬/৫ মধুবাগ<br>মগবাজার, ঢাকা<br>মোবাইল: ০১৭১২-২৮৬৫৮৯৭ | |
| ৪. | জনাব শুভাষিশ ভৌমিক<br>গণমাধ্যমকর্মী<br>ফ্লাট নং ১/৫, প্লট নং-১৫, সড়ক-৯<br>রূপনগর আবাসিক ঢাকা।<br>মোবাইল: ০১৭১১-২২৭০২০ | |
| ৫. | জনাব হারুন-অর-রশীদ<br>লাইব্রেরিয়ান<br>গণ গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা<br>মোবাইল: ০১৭১৪-২২২০১২ | |
| ৬. | জনাব আল-আমীন<br>ওয়ার্ড সচিব<br>দক্ষিণ ঢাকা সিটি করপোরেশন<br>মোবাইল: ০১৭১৫-৮৭৭০৭১ | ২৪/৯/২২ |
| ৭. | জনাব মো. হাসনান শাহিন<br>সাংবাদিক<br>সংবাদ পত্রিকা, ঢাকা<br>মোবাইল: ০১৯১৮-৮৬৬৯৫১ | |
| ৮. | জনাব মো. কামরুল ইসলাম<br>বীমা প্রতিনিধি ও সংগঠক<br>১/সি, বসুন্ধারা, ঢাকা<br>মোবাইল: ০১৯৩৯-৩৪১৪৩০ | |

| ক্রমিক | নাম/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ৯. | অ্যাডভোকেট মো. আমিনুল ইসলাম খান<br>সুপ্রীমকোর্ট, ঢাকা<br>প্লট-২৮, রোড-১১, সেক্টর-১১, উত্তরা,<br>ঢাকা-১২৩০<br>মোবাইল: ০১৭১৩-০৪৩৯৯০ | |
| ১০. | জনাব হাসনাইন হাসান<br>দশম শ্রেণি<br>গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা<br>মোবাইল: ০১৭১১-২৮১২১৩ | |
| ১১. | জনাব মো. সিয়াম শাহরিয়ার<br>নবম শ্রেণি<br>ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ<br>ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা<br>মোবাইল: ০১৭৪০-৫৭১৮০০ | Siam |
| ১২. | জনাব সঞ্জয় কুমার সরকার<br>প্রতিনিধি<br>ব্রাক ব্যাংক লিমিটেড, ঢাকা<br>মোবাইল: ০১৭৬৬-৬৯৯০৫৭ | |
| ১৩. | জনাব মিল্টন কুমার পাল<br>সহকারী শিক্ষক<br>আমিরজান হাইস্কুল, খিলক্ষেত, ঢাকা।<br>মোবাইল: ০১৫১৫-২০০৪১২ | |
| ১৪. | জনাব মো. সুলতান মাহমুদ<br>উর্ধ্বতন নিরাপত্তা অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর। | |
| ১৫. | জনাব মো. ইমদাদুল হক<br>সংগঠক<br>১/১, টেকনো একতা নবদ্বয় হাউজিং<br>মেইন রোড, আদাবর, শ্যামলী, ঢাকা।<br>০১৯১৬-০৩১৮০৩ | |
| ১৬. | ড. শিহাব শাহরিয়ার<br>কীপার (জনশিক্ষা বিভাগ)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর।<br>মোবাইল: | |